

## উল্লাপাড়া পৌরসভা কার্যালয়

সিরাজগঞ্জ

স্থাপিত-১৯৯৪খ্রিঃ

\*নিয়মিত পৌরকর পরিশোধ করুন

ফোন- ০২৫৮৮৮৩৩৮৬০-৬১

ই-মেইল- ullaparamunicipality@yahoo.com

ওয়েবসাইট- www.ullaparapaurashava.gov.bd

স্মারকঃ উল্লাঃ পৌঃ/প্রশাঃ/হাটঃ বাঃ/ইজারা/২০২৪/৩১

তারিখঃ ১৫/০১/২০২৪ খ্রিঃ

### ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, উল্লাপাড়া পৌরসভায় নিম্নবর্ণিত হাট-বাজার ও পৌর টার্মিনাল বাংলা ১৪৩১ সনের ( ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত) ০১ (এক) বৎসর মেয়াদে শর্ত সাপেক্ষে নিম্নোক্ত সময় সূচী অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

ক্রঃ নং	ইজারার বিবরণ	সরকারি মূল্য	সিডিউল মূল্য	মন্তব্য
০১.	উল্লাপাড়া হাট-বাজার (পশু জবাই ফি সহ)	৯৪,৯৮,৩৪৫/- (চুরানব্বই লক্ষ আটানব্বই হাজার তিনশত পঁয়তাল্লিশ) টাকা মাত্র।	১৯,৬০০/-	
০২.	উল্লাপাড়া গ্যাস লাইন পশু হাট	১,৭৫,০৪,৩৮১/- (এক কোটি পঁচাত্তর লক্ষ চার হাজার তিনশত একাশি) টাকা মাত্র।	৩৬,১০০/-	
০৩.	নয়ানগঞ্জ হাট-বাজার	২,২২,৫২৯/- (দুই লক্ষ বাইশ হাজার পাঁচশত উনত্রিশ) টাকা মাত্র।	১,৫০০/-	
০৪.	শ্রীকোলা দৈনিক বাজার	৯,২৬,০১০/- (নয় লক্ষ ছাব্বিশ হাজার দশ) টাকা মাত্র।	২,৫০০/-	
০৫.	উল্লাপাড়া পৌর টার্মিনাল	১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা মাত্র।	৩,০০০/-	

#### দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী

বিবরণ	দরপত্র বিক্রয় শুরু ও বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তু খোলার তারিখ	মন্তব্য
১ম বার দরপত্র বিজ্ঞপ্তি	১৫/০১/২০২৪ ইং হতে ২৯/০১/২০২৪ ইং পর্যন্ত	৩০/০১/২০২৪ ইং তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	৩০/০১/২০২৪ ইং তারিখ ২.৩০ ঘটিকায়	উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকিবে। তবে যে কোনবার দরপত্র অনুমোদিত হইলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলিয়া গণ্য হইবে।
২য় বার দরপত্র বিজ্ঞপ্তি	০৫/০২/২০২৪ ইং হতে ১৪/০২/২০২৪ ইং হতে	১৫/০২/২০২৪ ইং তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	১৫/০২/২০২৪ ইং তারিখ ২.৩০ ঘটিকায়	
৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি	২০/০২/২০২৪ ইং হতে ২৭/০২/২০২৪ ইং পর্যন্ত	২৮/০২/২০২৪ ইং তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	২৮/০২/২০২৪ ইং তারিখ ২.৩০ ঘটিকায়	

#### সিডিউল প্রাপ্তি স্থানঃ

দরপত্র সিডিউল বর্ণিত দিনে অফিস চলাকালীন সময় পর্যন্ত পৌরসভার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া, সিরাজগঞ্জ, সোনালী ব্যাংক, উল্লাপাড়া শাখা এবং অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা, সিরাজগঞ্জ এর কার্যালয় হইতে উল্লেখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ক্রয় করা যাইবে। সরকারী ছুটি এবং দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হইবে না। এই বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য অত্র পৌরসভার বাজার শাখায় অথবা ওয়েব সাইট [www.ullaparapaurashava.gov.bd](http://www.ullaparapaurashava.gov.bd) ভিজিট করুন।

#### সিডিউল জমা প্রদানের স্থানঃ

ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে দরপত্র আবেদন সমূহ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লাপাড়া পৌরসভা কার্যালয় ও জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাস্তু জমা দিতে হইবে এবং উক্ত তারিখেই বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে বা তাদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তু খোলা হইবে।

#### ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

- বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হইতে ১৪৩১ সনের ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে মেয়র, উল্লাপাড়া পৌরসভা, সিরাজগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অনবরুদ্ধ টাকা জমাকারীর রবারব পত্যাৰ্পণ করা হইবে।